

ঢাকার যানজটে ক্ষতি ৮৭০০০ কোটি টাকা

বিআইডিএসের গবেষণার তথ্য

■ সমকাল প্রতিবেদক

রাজধানী ঢাকার অসহনীয় যানজটের মূল কারণ অপরিকল্পিত নগরায়ণ। অপরিকল্পিতভাবে এ শহরের সম্প্রসারণ হয়েছে অন্তত ৫০ শতাংশ। অর্থনীতিতে এর নেতিবাচক প্রভাব পড়ছে। শুধু যানজটের প্রত্যক্ষ আর্থিক ক্ষতি মোট দেশজ উৎপাদন বা জিডিপির ২ দশমিক ৫ শতাংশ। গত অর্থবছরের ৩৪ লাখ ৮৪ হাজার কোটি টাকার জিডিপি বিবেচনায় নিলে যার পরিমাণ ৮৭ হাজার কোটি টাকা। পরোক্ষ প্রভাব মিলে ক্ষতি আরও বেশি হবে। অন্যদিকে অপরিকল্পিত নগর সম্প্রসারণের পরোক্ষ ক্ষতি জিডিপির ৬ শতাংশ বা তার বেশি হবে।

অপরিকল্পিত
নগর
সম্প্রসারণের
পরোক্ষ ক্ষতি
জিডিপির
৬ শতাংশ



বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান বিআইডিএসের বার্ষিক সম্মেলনের এক কর্ম অধিবেশনে এক গবেষণা প্রবন্ধে এমন তথ্য প্রকাশ করা হয়। বৃহস্পতিবার রাজধানীর হোটেল লেকশোরে সম্মেলনের দ্বিতীয় দিনের প্রথম অধিবেশনে বেসরকারি গবেষণা সংস্থা পলিসি রিসার্চ ইনস্টিটিউটের (পিআরআই) পরিচালক ড. আহম্মদ আহসান 'ঢাকার অতি সম্প্রসারণ এবং এর আর্থিক ক্ষতি' শীর্ষক এ প্রবন্ধ উপস্থাপন করেন। বিআইডিএসের মহাপরিচালক ড. বিনায়ক সেন এ অধিবেশনে সভাপতিত্ব করেন।

রাজধানীর নান্দনিক বাসযোগ্যতা এবং অর্থনৈতিক কর্মকাণ্ডের কেন্দ্র হিসেবে স্বাভাবিক চেহারায় ফিরিয়ে আনতে বেশ কয়েকটি সুপারিশ করেন ড. আহম্মদ আহসান। এর মধ্যে ঢাকার মতো আরও কয়েকটি শহর এবং চট্টগ্রামের মতো আরও বাণিজ্য নগরী গড়ে তোলার প্রস্তাব করেন তিনি। তার প্রবন্ধে রাজধানীর বিভিন্ন সেবা এবং বাণিজ্যিক পরিস্থিতিকে আরও উন্নত করা, নগর প্রশাসনকে শক্তিশালী করা এবং বিকেন্দ্রীকরণের সুপারিশ এসেছে। এছাড়া নগর গবেষণায় আরও মনোযোগ এবং বিনিয়োগের সুপারিশ করেছেন তিনি। অর্থনীতির পরিসংখ্যান অন্যান্য দেশের মতো হালনাগাদ করার প্রস্তাব দিয়ে তিনি জানান, ঢাকার এ-সংক্রান্ত পরিসংখ্যান প্রায় ১০ বছর আগে একবার করা হয়েছিল।

গতকালের সম্মেলনে বিভিন্ন কর্ম অধিবেশনে গতকাল মোট ১৫টি প্রবন্ধ উপস্থাপন করা হয়। দেশের এবং বিদেশের অর্থনীতিবিদ এবং গবেষকরা সম্মেলনে অংশগ্রহণ করছেন। সম্মেলন শেষ হচ্ছে আজ শুক্রবার।